গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
www.chapainawabganjsadar.chapainawabgajn.gov.bd

**উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ রওশন আলী, উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ ও সময় ঃ ২৬.০৬.২০২২ খ্রি., সকাল ১১.৩০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

**উপস্থিতি ঃ উপস্থিত সদস্যবৃন্দের তালিকা "ক" তে দেখানো হলো।**

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর ০৯.১১.২০২০ তারিখের স্বাপকম /স্বাসেবি/এনটিসিসি/বাজেট(রা:)/২০১৮/অংশ-১/৯৭৭ ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (বিশ্বস্বাস্থ্য-২ শাখা) ০২.০২.২০১৫ তারিখের স্বাপকম/বিশ্বস্বাস্থ্য-২/এনটিসি/২০১২/৪১ নম্বর স্মারকে প্রাপ্ত পত্র সভায় উপস্থাপন করা হয়। ১নং স্মারকে উল্লেখিত পত্রে উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সদস্যদের নিয়ে ত্রৈমাসিক সভার আয়োজনের নিদের্শনা রয়েছে।২ নং স্মারকে উল্লেখিত পত্রে উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি গঠন ও কার্যাবলীর বিষয়ে নির্দেশনা রয়েছে। সভায় ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০১৫(২০১৩ সালের সংশোধনীসহ) বাস্তবায়ন করা জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০১। আলোচনা ঃ সভাপতি সভাকে অবহিত করেন যে, দেশে করোনা ভাইরাস জনিত কারণে যেহেতু আমারা একটি ক্রান্তিকাল পার করছি, সেহেতু আমাদের প্রত্যেকের স্বাস্থ্য বিধি প্রতিপালন ও সামাজিক দূরত্ব বজায় রেখে এ উপজেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বাল্যবিবাহ নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

০২। ধূমপান ও তামাকজাতদ্রব্যের অপব্যবহার রোধ এবং নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্থানীয় পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০05 (২০১৩ সালের সংশোধনীয়সহ) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা। | ধূমপান ও তামাকজাত দ্রব্যের উৎপাদন, ব্যবহার, ক্রয়-বিক্রয় ও বিজ্ঞাপন নিয়ন্ত্রণের লক্ষ্যে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন। পাবলিক প্লেস এবং পাবলিক পরিবহনে ধূমপান নিষিদ্ধ, তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন ও প্রচারণা নিষিদ্ধ এবং পৃষ্ঠপোষকতা নিয়ন্ত্রণ, অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নিকট তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পাবলিক প্লেস এবং গণপরিবহনে তামাকজাত দ্রব্য বিক্রয় ও সেবন নিষিদ্ধকরণ, তামাকজাত দ্রব্যের প্রচারণা নিষিদ্ধ এবং অপ্রাপ্ত বয়স্কদের নিকট তামাকজাত দ্রব্য বিক্রয় বন্ধে কঠোর মনিটরিং করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর<br>২। অপিসার ইন-চার্জ সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ । |
| ০২ | উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও আওতাধীন সকল প্রতিষ্ঠানে আইন অনুসারে ধূমপানমুক্ত করার ব্যবস্থা নিশ্চিত করা | উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও আওতাধীন সকল প্রতিষ্ঠানে তামাকজাত দ্রব্য বিক্রয় এবং প্রকাশ্যে ধূমপান নিষিদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | টাস্কফোর্স কমিটির প্রত্যেক সদস্য তাদের নিজস্ব ও আওতাধীন সকল প্রতিষ্ঠানে তামাকজাত দ্রব্য বিক্রয় ও সেবন নিষিদ্ধকরণ এবং তাদের প্রতিষ্ঠানকে ধূমপানমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সকল সদস্য। |
| ০৩ | স্থানীয় পর্যায়ে জনসাধানরণকে তামাক নিয়ন্ত্রণ আইন পালনে | উপজেলা, ইউনিয়ন ওয়ার্ড পর্যায়ে জনসাধারণকে তামাক নিয়ন্ত্রণ আইন প্রতিপালনে উদ্বুদ্ধকরণ ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকরণ দিক সম্পর্কে | উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে জনসাধারণকে বিশেষ করে তরুণ এবং যুব সমাজ যাতে তামাক জাতীয় দ্রব্য | ১। উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর।<br>২। চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক্ষতিকরন দিক সম্পর্কে সচেতন করার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা। | | তামাকবিরোধী ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে তামাক বিরোধী সভা-সমাবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | অফিসার। |
| ০৪ | তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। | মুজিব শতবর্ষ উপলক্ষে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (সংশোধিত ২০১৩) এবং ২০১৫ বাস্তবায়নে প্রতি মাসে উপজেলায় অন্তত ২টি করে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোচনা হয়। | তামাকজাত দ্রব্য বিক্রয় এবং সেবন কঠোরভানে নিয়ন্ত্রণের লক্ষ্যে তামাক জাতীয় দ্রব্য বিক্রয়কারী, সেবনকারী, তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন ও প্রচারণা নিষিদ্ধকরণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর। ২। সহকারী কমিশনার(ভূমি) চাঁপাইনবাবগঞ্জ সদর। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রওশন আলী)
সভাপতি
"উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
মোবইল: ০১৩১৮-৩২০১৪৫

স্মারক নং:-০৫.৪৩.৭০৬৬.০০২.০১.০৪৫.২০২২-৪৭২

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর।
৪। মেয়র, নাচোল পৌরসভা।
৫। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
৬। অফিসার ইন-চার্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৭-১৫। উপজেলা কৃষি/শিক্ষা/মাধ্যমিক শিক্ষা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক/সমাজসেবা/আনসার ও ভিডিপি/ফায়ার সার্ভিস/স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
১৬। চেয়ারম্যনা, সকল ইউনিয়ন পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
১৭। ..........................................................................................চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
১৮। অফিস কপি।

(মোঃ রওশন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
মোবইল: ০১৩১৮-৩২০১৪৫